



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/৩৩৬/১৫/৮৩

তারিখ : ০৪ সেপ্টেম্বর, ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর বেগম ফজিলাতুন্নেছা হলের এর জন্য নিম্নজ্ঞে পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম | সংখ্যা | গ্রেড | বেতন স্কেল |
|--------|------------------------------------|-----------|------------|---------------|
| ০১ | হল সুপারিনটেনডেন্ট | ০১(এক)টি | (গ্রেড-১৩) | ১১০০০-২৬৫৯০/= |
| ০২ | সহকারী হিসাবরক্ষক | ০১(এক)টি | (গ্রেড-১৩) | ১১০০০-২৬৫৯০/= |
| ০৩ | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিষ্ট | ০১(এক)টি | (গ্রেড-১৬) | ৯৩০০-২২৪৯০/= |
| ০৪ | ইলেকট্রিশিয়ান | ০১(এক)টি | (গ্রেড-১৭) | ৯০০০-২১৮০০/= |
| ০৫ | প্লাম্বার | ০১(এক)টি | (গ্রেড-১৭) | ৯০০০-২১৮০০/= |
| ০৬ | সিক গার্ল | ০১(এক)টি | (গ্রেড-১৭) | ৯০০০-২১৮০০/= |
| ০৭ | বাবুর্চি | ০১(এক)টি | (গ্রেড-১৮) | ৮৮০০-২১৩১০/= |
| ০৮ | সহকারী বাবুর্চি | ০২(দুই)টি | (গ্রেড-২০) | ৮২৫০-২০০১০/= |
| ০৯ | অফিস সহায়ক | ০১(এক)টি | (গ্রেড-২০) | ৮২৫০-২০০১০/= |
| ১০ | ডাইনিং এটেনডেন্ট | ০২(দুই)টি | (গ্রেড-২০) | ৮২৫০-২০০১০/= |

আবেদনপত্র জমাদান :


রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর ০১নং থেকে ০৩নং পদের জন্য ২০০/= (দুইশত) টাকা এবং ০৪ থেকে ১০ নং পদের জন্য ১৫০(একশত পঞ্চাশ) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ/বিবেচনা করা হবে না।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।



মো. ফজলুর রহমান

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)





শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/৩৩৬/১৫/৫০

তারিখ : ০৪ সেপ্টেম্বর, ২০২৩

বিভিন্ন পদে নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতা :

হল সুপারিনটেনডেন্ট: (গ্রেড-১৩)

- ক) প্রার্থীকে স্নাতক ডিগ্রি/সমমানের পরীক্ষা পাস ও কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি ও বাংলা টাইপিংয়ে পারদর্শী হতে হবে।
খ) শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।
গ) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

সহকারী হিসাবরক্ষক: (গ্রেড-১৩)

- ক) প্রার্থীকে বাণিজ্যে স্নাতক ডিগ্রি ও কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি এবং বাংলা টাইপিংয়ে পারদর্শী হতে হবে।
খ) শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।
গ) হিসাব সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিষ্ট : (গ্রেড-১৬)

- ক) প্রার্থীকে উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় পাস ও কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি ও বাংলা টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২০টি শব্দ গতিসহ এমএস অফিসের বিভিন্ন প্রোগ্রামে জ্ঞান সম্পন্ন হতে হবে।
খ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।
বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

ইলেকট্রিশিয়ান : (গ্রেড-১৭)

- প্রার্থীকে ৮ম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতাসহ ট্রেড সার্টিফিকেট থাকতে হবে। বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
বয়স : সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে।

পাশ্চাত্য : (গ্রেড-১৭)

- ক) এসএসসি/সমমান পাশসহ সংশ্লিষ্ট কাজে ট্রেড কোর্স ৬(ছয়) মাস মেয়াদী থাকতে হবে।
খ) শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।
গ) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

সিক গার্ল : (গ্রেড-১৭)

- এসএসসি/সমমান পাশসহ ০১(এক) বছর বা তদুর্ধ্ব নার্সিং প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।
বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

বারুচি : (গ্রেড-১৮)

- এসএসসি/সমমান পাশ অথবা ৮ম শ্রেণী পাশসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
বয়স : সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসর।

সহকারী বারুচি : (গ্রেড-২০)

- এসএসসি/সমমান পাশ অথবা ৮ম শ্রেণী পাশসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
বয়স : সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসর।

অফিস সহায়ক : (গ্রেড-২০)

- এসএসসি/সমমান পাশ অথবা ৮ম শ্রেণী পাশসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
বয়স : সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসর।

ডাইনিং এটেনডেন্ট : (গ্রেড-২০)

- এসএসসি/সমমান পাশ অথবা ৮ম শ্রেণী পাশসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
বয়স : সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসর।

(স্বাক্ষর)

মো. ফজলুর রহমান
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)